গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.২৩.০০১১.২৫.১০৮৮

তারিখ : ০৮ শ্রাবণ ১৪৩২ / ২৩ জুলাই ২০২৫

**বিষয়: জুলাই গণঅভ্যুত্থানের সময়কালে সংগঠিত হত্যাসহ অপরাপর অপরাধের অভিযোগে দায়েরকৃত মামলার তদন্ত ও প্রসিকিউশন কার্যক্রম সমন্বয়সাধনের জন্য কমিটি গঠন প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জুলাই-আগস্ট, ২০২৪ সময়কালে দেশব্যাপী চলমান ছাত্র-জনতার আন্দোলন দমন-পীড়নের মাধ্যমে বানচালের উদ্দেশ্যে সংঘটিত হত্যাসহ অপরাপর অপরাধের অভিযোগে দায়েরকৃত মামলার তদন্ত কার্যক্রমের সাথে প্রসিকিউশনের কার্যক্রমের সমন্বয়সাধনের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ১। | সলিসিটর, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | সভাপতি |
| ২। | উপ-সলিসিটর (জিপি/পিপি), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য |
| ৩। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৪। | সিনিয়র সহকারী সচিব, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (সলিসিটর কর্তৃক মনোনীত)। | সদস্য সচিব |

২। **কমিটির কার্যপরিধি :**

(ক) জুলাই-আগস্ট, ২০২৪ সময়কালে দেশব্যাপী চলমান ছাত্র-জনতার আন্দোলন দমন-পীড়নের উদ্দেশ্যে সংঘটিত হত্যাসহ অপরাপর অপরাধের অভিযোগে দায়েরকৃত মামলার পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন (মামলার বর্তমান পর্যায় উল্লেখসহ)।

(খ) এরূপ মামলার তদন্ত ও প্রসিকিউশনের কার্যক্রম পরিচালনায় বিদ্যমান সমস্যা চিহ্নিত করা (যদি থাকে) এবং উক্ত সমস্যা নিরসনের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ করা।

(গ) তদন্ত সংস্থাসমূহের সাথে প্রসিকিউশনের কার্যক্রমের সমন্বয়সাধন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৩/০৭/২৫
(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjustice div.gov.bd
ফোন: ২২৩৩৫৭৪২০

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিরতণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বারাষ্ট্র মন্ত্রণালয়।
২. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ............................................(সকল)।
৩. যুগ্মসচিব (সকল), আইন ও বিচার বিভাগ।
৪. উপসচিব/উপসলিসিটর (সকল), আইন ও বিচার বিভাগ।
৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট..................... (সকল)।
৬. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৮. পাবলিক প্রসিকিউটর...................................................................(সকল)।
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস কপি।